তারিখ 05 MAY 1997
পৃষ্ঠা: 7 কলাম 8

দৈনিক জনকণ্ঠ

# ৫৬ কলেজ শিক্ষকের বেতন ৯ মাস বন্ধ!

**জনকণ্ঠ রিপোর্ট**

বিগত নয় মাস যাবত দেশের ৫৬টি সরকারী কলেজের সাত শতাধিক শিক্ষকের বেতন-ভাতা প্রদান বন্ধ রয়েছে। মন্ত্রণালয়ের 'রিটেইনশন' অর্ডারের অভাবে অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত এই শিক্ষকবৃন্দ গত আগস্ট '৯৬ মাস থেকে বেতন-ভাতা পাচ্ছে না। ফলে তাঁরা মানবেতর জীবনযাপন করছেন।

শিক্ষকদের একটি সূত্র জানায়, সরকার এনাম কমিটির নীতিমালার ভিত্তিতে এবং ৫৬টি সরকারী কলেজে বিষয়ের গুরুত্ব, ছাত্র-ছাত্রীর সংখ্যা বিবেচনা করে '৯৪ সালের অক্টোবর মাসে প্রায় সাত শতাধিক নতুন পদ সৃষ্টি করে। ঐ পদগুলোর মধ্যে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক এবং প্রভাষক রয়েছেন। মন্ত্রণালয় এই পদগুলো প্রথমে দুই বছরের জন্য অস্থায়ী মেয়াদে সৃষ্টি করে। এগুলোর মেয়াদ '৯৬ সালের ৩১ মে শেষ হয়ে যাওয়ার পর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর পদগুলোর চাহিদা বিবেচনা করে চলতি '৯৬-৯৭ অর্থবছরের জন্যও ঐ পদগুলো সংরক্ষণের সুপারিশ করে গত জুন '৯৬ মাসে মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠায়। কিন্তু অর্থবছরের দশ মাস অতিক্রান্ত হলেও; আন্তঃমন্ত্রণালয়ের ফাইল, চালাচালিতে এখন পর্যন্ত রিটেইনশনের কোন সিদ্ধান্ত হয়নি।

এদিকে, রিটেইনশন অর্ডার না থাকায় হিসাব মহানিয়ন্ত্রকের নির্দেশে গত আগস্ট '৯৬ মাস থেকে ঐ পদগুলোতে নিয়োজিত শিক্ষকদের বেতন ও ভাতা প্রদান বন্ধ হয়ে যায়। যদিও কিছু কিছু জেলার এবং থানার হিসাবরক্ষণ অফিস ঐ সমস্ত পদের শিক্ষকদের বেতন-ভাতাদি অব্যাহত রেখেছে। ফলে শিক্ষকদের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। বেতন না পাওয়া শিক্ষকরা চরম দুর্ভোগের মধ্য দিয়ে দিনযাপন করছেন।